

ভর্তি

কলেজে ভর্তিতে তৃতীয় ধাপের আবেদন শুরু, সময় দুই দিন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ৩১ আগস্ট ২০২৫, ১০: ৩৪



X

কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিতে আবেদন করছে শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

একাদশ শ্রেণিতে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তির তৃতীয় ধাপের আবেদন শুরু হয়েছে। আজ রোববার (৩১ আগস্ট) সকাল ৯টা থেকে অনলাইনে আবেদন করতে পারছে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। এ ধাপের আবেদন শেষ হবে আগামীকাল সোমবার (১ সেপ্টেম্বর) রাতে। একাদশের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, '২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫ অনুযায়ী ভর্তির জন্য তৃতীয় পর্যায়ে অনলাইনে আবেদন গ্রহণ ৩১/০৮/২০২৫ (রোববার) সকাল ৯টা থেকে শুরু হবে। ১/৯/২০২৫ (সোমবার) রাত ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত চলবে আবেদন।'

দ্বিতীয় ধাপের আবেদন গত ২৫ আগস্ট শেষ হয়েছে। ২৮ আগস্ট ফল প্রকাশ করা হয়। ভর্তির লক্ষ্যে দ্বিতীয় পর্যায়ে নির্বাচন নিশ্চায়নের শেষ সময় ছিল গতকাল শনিবার (৩০ আগস্ট) রাত ৮টা।

এর আগে একাদশ শ্রেণিতে ভর্তিতে প্রথম ধাপের ফলাফল প্রকাশ করা হয়। একাদশে ভর্তিবিষয়ক বিস্তারিত তথ্য কেন্দ্রীয় ওয়েবসাইটে জানা যাবে।

এ ভর্তিপ্রক্রিয়ায় নির্ধারিত আবেদন ফি জমা দিয়ে সর্বনিম্ন ৫টি ও সর্বোচ্চ ১০টি কলেজ বা মান্দাসার জন্য পছন্দক্রম দিয়ে আবেদন করতে হয়। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করেছে, তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির জন্য একটি শিক্ষাপ্রতিষ্ঠানে তার অবস্থান নির্ধারণ করা হয়েছে।

